# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ


সার্কুলার নং-ডিএমডি- ০৪/২০১৯

তারিখঃ ১১ সেপ্টেম্বর, ২০১৯ / ২৭ ভাদ্র, ১৪২৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

জাতীয় সঞ্চয় স্কিম এর মুনাফা হতে উৎসে কর কর্তন/আদায় প্রসঙ্গে।

শীর্ষক বিষয়ে আপনাদেরকে অবহিত করা যাচ্ছে যে, ২৮ আগস্ট, ২০১৯ তারিখে প্রকাশিত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের গেজেটে অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, আয়কর শাখার ২৫ আগস্ট, ২০১৯ এ স্বাক্ষরিত প্রজ্ঞাপন এস, আর, ও, নং -২৬৪-আইন/আয়কর/২০১৯ জারি হয়েছে । জাতীয় সঞ্চয় অধিদপ্তরের ৩/৯/২০১৯ তারিখের ০৮.০৪.০০০০.০১২.৪৩.০০৬.১৪-১৮০৯ নং এবং জাতীয় রাজস্ব বোর্ডের ২/৯/২০১৯ তারিখের ০৮.০১.০০০০.০৩০.০৬.০০৫.১৬-২৮ নং পত্রে বর্ণিত প্রজ্ঞাপন অনুযায়ী নির্দেশনা প্রদান করা হয়েছে । এ প্রেক্ষিতে, নিম্নলিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো :-

১. এস, আর, ও, নং -২৬৪-আইন/আয়কর/২০১৯ এ The Income Tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর Section 44 এর sub-section (4) এর clause(b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত Ordinance এর SIXTH SCHEDULE এর Part A এর paragraph 32A এর ক্ষেত্র ব্যতীত, সকল প্রকার সঞ্চয়পত্রে (savings instrument) ক্রয়কাল নির্বিশেষে, পুঞ্জিভূত বিনিয়োগের পরিমাণ ৫(পাঁচ) লক্ষ অতিক্রম না করলে, এরূপ বিনিয়োগ হতে অর্জিত সুদের উপর Ordinance এর Section 52D এ উল্লিখিত উৎসে কর কর্তনের হার ১০% হতে হ্রাস করে ৫% নির্ধারণ করেছে । এ বিধান বর্ণিত এস, আর ও, জারির তারিখ ২৮ আগস্ট, ২০১৯ থেকে কার্যকর হবে।

২. তবে পেনশনার সঞ্চয়পত্রসহ সকল ধরণের সঞ্চয়পত্রে বিনিয়োগ ৫(পাঁচ) লক্ষ টাকার উর্দ্ধে হলে The Income Tax Ordinance, 1984 এর Section 52D অনুযায়ী উৎসে কর কর্তনের হার ১০% প্রযোজ্য হবে ।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তিঃ ০৩(তিন)।

(মোঃ খুরশীদ আলম)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০১৩১
ই-মেইলঃ khurshid.alam@bb.org.bd

৭১৪

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, আগস্ট ২৮, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

## প্রজ্ঞাপন

তারিখঃ ১০ ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ/২৫ আগস্ট ২০১৯ খ্রিষ্টাব্দ

এস, আর, ও, নং-২৬৪-আইন/আয়কর/২০১৯।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত Ordinance এর SIXTH SCHEDULE এর Part A এর paragraph 32A এর ক্ষেত্র ব্যতীত, সকল প্রকার সঞ্চয়পত্রে (savings instrument), ক্রয়কাল নির্বিশেষে, পুঞ্জিভূত বিনিয়োগের পরিমাণ ৫(পাঁচ) লক্ষ টাকা অতিক্রম না করিলে, এইরূপ বিনিয়োগ হইতে অর্জিত সুদের উপর উক্ত Ordinance এর section 52D এ উল্লিখিত উৎসে কর কর্তনের হার ১০% হইতে হ্রাস করিয়া ৫% নির্ধারণ করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনসিডি
সিনিয়র সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



মূল্য : টাকা ৪.০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় সঞ্চয় অধিদপ্তর
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
www.nationalsavings.gov.bd

নং- ০৮.০৪.০০০০.০১২.৪৩.০০৬.১৪- ৯৮০৭

তারিখঃ ২১ ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ
০৫ সেপ্টেম্বর ২০১৯ খ্রিষ্টাব্দ

বিষয় : সঞ্চয়পত্রের সুদ/মুনাফা হতে উৎসে আয়কর কর্তন সংক্রান্ত এস,আর,ও নং-২৬৪-আইন/আয়কর/২০১৯ প্রসংগে।

সূত্র : জাতীয় রাজস্ব বোর্ড এর পত্র নং-০৮.০১.০০০০.০৩০.০৬.০০৫.১৬/২৮, তারিখঃ ০২-০৯-২০১৯খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকার ২ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিঃ তারিখের পত্র নম্বর ০৮.০১.০০০০.০৩০.০৬.০০৫.১৬/২৮ সবিনয়ে পৃষ্ঠাঙ্কন (Endorse) করে অগ্রগামী করা হলো। সূত্রোক্ত পত্রের নির্দেশনা অনুযায়ী **'সঞ্চয়পত্রের সুদ/মুনাফা হতে উৎসে আয়কর কর্তন সংক্রান্ত এস,আর,ও নং-২৬৪-আইন/আয়কর/২০১৯'** এর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৫/০৯/১৯
(মুহাম্মদ মিজানুর রহমান)
উপ-পরিচালক (পলিসি)
ফোনঃ ০২-৯৫৭৭৮০৪।

বিতরণ:

০১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
**[দৃষ্টি আকর্ষণ:** মহাব্যবস্থাপক, ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট (সঞ্চয়পত্র লেনদেনকারী তফসিলী ব্যাংকসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)]।

০২। মহাপরিচালক, ডাক অধিদপ্তর, বাংলাদেশ ডাক বিভাগ, ঢাকা (তাঁর অধীনস্থ সঞ্চয়পত্র লেনদেনকারী সকল অফিসকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।

০৩। কর্মসূচি পরিচালক, সরকারি ব্যয় ব্যবস্থাপনা শক্তিশালীকরণঃ অগ্রাধিকার কার্যক্রমসমূহের ধারাবাহিকতা রক্ষা' শীর্ষক কর্মসূচি, ইউসেফ চেইনী টাওয়ার (৩য় তলা), ২৫ সেগুন বাগিচা, ঢাকা।

০৪। উপ-পরিচালক, জাতীয় সঞ্চয় বিভাগীয় কার্যালয় (সকল) --------------------------- (তাঁর অধীনস্থ সঞ্চয়পত্র লেনদেনকারী সকল অফিসকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।

০৫। সহকারী পরিচালক/সঞ্চয় অফিসার, জেলা সঞ্চয় অফিস/ব্যুরো (সকল),-------------------------------------।

০৬। সহকারী পরিচালক/সঞ্চয় অফিসার, জাতীয় সঞ্চয় বিশেষ ব্যুরো (সকল),------------------------------।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

০১। সিনিয়র সচিবের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০২। চেয়ারম্যানের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৩। সহকারী পরিচালক (জনসংযোগ), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (জাতীয় সঞ্চয় অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৪। মহাপরিচালকের একান্ত সহকারী, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৫। অফিস নথি।

১৮৬৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা
[কর নীতি উইং]
www.nbr.gov.bd

নথি নং-০৮.০১.০০০০.০৩০.০৬.০০৫.১৬/ 28 — তারিখঃ ১৮ ভাদ্র, ১৪২৬ বঙ্গাব্দ / ০২ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ সঞ্চয়পত্রের সুদ/মুনাফা হতে উৎসে আয়কর কর্তন সংক্রান্ত এস,আর,ও নং-২৬৪-আইন/আয়কর/২০১৯ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করছি।

০২। আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, এস,আর,ও নং-২৬৪-আইন/আয়কর/২০১৯,তারিখঃ ২৮ আগস্ট, ২০১৯ এর মাধ্যমে পেনশনার সঞ্চয়পত্র ব্যতীত সকল প্রকার সঞ্চয় পত্রে, ক্রয়কাল নির্বিশেষে পুঞ্জিভূত বিনিয়োগের পরিমান ৫ (পাঁচ) লক্ষ টাকা অতিক্রম না করলে, এরূপ বিনিয়োগ হতে অর্জিত সুদের উপর Income-Tax Ordinance, 1984 এর Section 52D তে উল্লিখিত উৎসে কর কর্তনের হার ১০% হতে হ্রাস করে ৫% নির্ধারণ করা হয়েছে। এ বিধান বর্ণিত এস, আর, ও জারির তারিখ ২৮ আগস্ট, ২০১৯ হতে কার্যকর হবে।

০৩। তবে পেনশনার সঞ্চয়পত্রসহ সকল ধরনের সঞ্চয়পত্রে বিনিয়োগ ৫ (পাঁচ) লক্ষ টাকার উর্ধ্বে হলে Income-Tax Ordinance, 1984 এর Section 52D অনুযায়ী উৎসে কর কর্তনের হার ১০% প্রযোজ্য হবে।

০৪। উপরিউক্ত বিধানাবলী পরিপালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

২/৯/১৯

মোঃ মহিদুল ইসলাম চৌধুরী
দ্বিতীয় সচিব (কর আইন-১)
ফোনঃ ৮৩৯১৬১৪
ইমেইলঃtaxproposal2019@gmail.com

প্রাপক,
মহা পরিচালক
জাতীয় সঞ্চয় অধিদপ্তর
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়,ঢাকা।